

AP

website
মত

29/12/20

১১২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, চাঁদপুর
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.chandpur.gov.bd

স্মারক নং -০৫.৪২.১৩০০.০০৮.০৬.০১৩.২৩ ১১২০

তারিখ : ১৯ ডিসেম্বর ২০২৩

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা চাঁদপুর জেলাধীন সকল বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্স ধারীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের জন্য সকল ধরণের আগ্নেয়াস্ত্র লাইসেন্স নিম্নবর্ণিত তারিখ ও সময়ে অত্র কার্যালয়ের জুডিসিয়াল মুন্সিখানা (জেএম) শাখায় স্ব স্ব আগ্নেয়াস্ত্র প্রদর্শন সাপেক্ষে নবায়ন করা হবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ০৩ আগস্ট ২০১৬ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫-৮২৬ নং স্মারকে জারীকৃত আগ্নেয়াস্ত্রের লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা- ২০১৬ এর আলোকে নির্ধারিত নবায়ন ফি জমা প্রদানের মাধ্যমে অফিস চলাকালীন নিম্নলিখিত শর্তসাপেক্ষে আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। সহকারী কমিশনার, জুডিসিয়াল মুন্সিখানা শাখা নিম্ন স্বাক্ষরকারীর পক্ষে লাইসেন্স নবায়ন করবেন।

আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের সময়সূচি

উপজেলার নাম	নবায়নের তারিখ		সময়		কর্মদিবস	মন্তব্য
	হতে	পর্যন্ত	হতে	পর্যন্ত		
চাঁদপুর সদর	০১/১২/২০২৩	০৬/১২/২০২৩	সকাল ৯.০০ টা	বিকাল ৪.০০ টা	০৪	
মতলব উত্তর	০৭/১২/২০২৩	১১/১২/২০২৩	সকাল ৯.০০ টা	বিকাল ৪.০০ টা	০৩	
মতলব দক্ষিণ	১২/১২/২০২৩	১৩/১২/২০২৩	সকাল ৯.০০ টা	বিকাল ৪.০০ টা	০২	
ফরিদগঞ্জ	১৪/১২/২০২৩	১৮/১২/২০২৩	সকাল ৯.০০ টা	বিকাল ৪.০০ টা	০৩	
শাহরাস্তি	১৯/১২/২০২৩	২০/১২/২০২৩	সকাল ৯.০০ টা	বিকাল ৪.০০ টা	০২	
হাইমচর	২১/১২/২০২৩	২২/১২/২০২৩	সকাল ৯.০০ টা	বিকাল ৪.০০ টা	০১	
হাজীগঞ্জ	২৬/১২/২০২৩	২৭/১২/২০২৩	সকাল ৯.০০ টা	বিকাল ৪.০০ টা	০২	
কচুয়া	২৮/১২/২০২৩	৩১/১২/২০২৩	সকাল ৯.০০ টা	বিকাল ৪.০০ টা	০২	

আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন ফি

লাইসেন্স ধারীর পরিচিতি	লাইসেন্সের ধরণ	নবায়ন ফি	নবায়ন ফি জমার কোড	১৫% ভ্যাট জমার কোড
ব্যক্তি	পিস্তল/রিভলবার	১০,০০০/- (দশ হাজার) টাকা	১৪২২১০২	১১৪১১০১
	বন্দুক/শটগান/রাইফেল	৫,০০০/- (পাঁচ হাজার) টাকা		
আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক	বন্দুক/শটগান/রাইফেল	৫,০০০/- (পাঁচ হাজার) টাকা		

নবায়নের শর্তাবলীঃ

- নবায়নকালে সংশ্লিষ্ট আগ্নেয়াস্ত্র প্রদর্শন করতে হবে।
- আগ্নেয়াস্ত্র থানা/সেফ কিপিং লাইসেন্সধারী প্রতিষ্ঠানে জমা থাকলে জমাদান সম্পর্কিত হালনাগাদ তথ্য (রসিদসহ) উপস্থাপন করতে হবে।
- লাইসেন্সধারী মুক্তিযোদ্ধা হলে মুক্তিযোদ্ধা সার্টিফিকেট ও গেজেটের ছায়ালিপি প্রদর্শন করতে হবে।
- লাইসেন্সধারী ছাড়া অন্য কোন ব্যক্তির মাধ্যমে উপস্থাপিত লাইসেন্স নবায়ন করা হবেনা।
- ডিজিটাল আর্মস লাইসেন্স ম্যানেজমেন্ট সিস্টেম (ডিএএমএস) বাস্তবায়নের নিমিত্ত ছক মোতাবেক যারা তথ্য প্রেরণ/জমা দেননি সে সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণকে তথ্য জমা প্রদান সাপেক্ষে লাইসেন্স নবায়ন করতে হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করতে হবে।

কামরুল হাসান
জেলা ম্যাজিস্ট্রেট
চাঁদপুর

ফোন নং ০২৩৩৪৪৮৫৬১১

ই-মেইল : dcchandpur@mopa.gov.bd

১

স্মারক নং -০৫.৪২.১৩০০.০০৮.০৬.০১৩.২৩ ১১২০/১ (৫০০)

তারিখ : ১১ নভেম্বর ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট.....(সকল)।
- ৪। পুলিশ সুপার, চাঁদপুর।
- ৫। বিজ্ঞ ~~অতিরিক্ত~~ জেলা ম্যাজিস্ট্রেট, চাঁদপুর।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল), চাঁদপুর।
- ৭। জেলা তথ্য অফিসার, চাঁদপুর। তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তিটি চাঁদপুর জেলা সদরসহ প্রত্যেক উপজেলায় মাইকযোগে বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। অফিসার ইনচার্জ.....থানা (সকল), চাঁদপুর।
- ৯। সভাপতি, প্রেসক্লাব, চাঁদপুর।
- ১০। চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ....., চাঁদপুর। তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তিটি তাঁর ইউনিয়নে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১১। সম্পাদক, দৈনিক.....চাঁদপুর। তাঁকে বর্ণিত বিজ্ঞপ্তিটি পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১২। জনাব.....
- ১৩। অফিস কপি।

জেলা ম্যাজিস্ট্রেট
চাঁদপুর

২